

ভর্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে পরীক্ষা আবার পেছাল

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট: ১০ মে ২০২৫, ১১: ৩১



জাতীয় বিশ্ববিদ্যালয় ছবি : সংগৃহীত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা পিছিয়েছে। এখন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৩১ মে বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। গতকাল শুক্রবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এর আগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তিতে অনলাইনে প্রাথমিক আবেদন শেষ হয়েছে গত ২৫ এপ্রিল। ওই দিন রাত ১২টা পর্যন্ত আবেদন করতে পেরেছেন আগ্রহীরা।

এ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিতে প্রথমে পরীক্ষা ৩ মে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। পরে ২১ দিন পিছিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা তারিখ নির্ধারণ করা হয় ২৪ মে। আবার পিছিয়ে পরীক্ষার নতুন তারিখ নির্ধারণ করা হলো ৩১ মে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা: বিজ্ঞান শাখা—মডেল টেস্ট-১

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা: মানবিক শাখা—মডেল টেস্ট-২

ভর্তি পরীক্ষার নম্বর কত—

ভর্তি পরীক্ষায় উচ্চমাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের এমসিকিউ পরীক্ষা গ্রহণ করা হবে। এমসিকিউ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ১ ঘণ্টা সময়ের মধ্যে দিতে হবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএর ৪০ শতাংশ ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএর ৬০ শতাংশ যোগ করে সর্বমোট ২০০ নম্বরের মধ্যে মেধাতালিকা প্রস্তুত করা হবে। পরবর্তী সময়ে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধাতালিকা প্রণয়ন করে শিক্ষার্থীদের বিষয় বরাদ্দ দেওয়া হবে।

